

বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতি কর্তৃক  
“বিশ্ব মানব পাচার প্রতিরোধ দিবস-২০২৩” অনুষ্ঠিত



**“Reach every victim of trafficking, leave no one behind**

**(মানব পাচারের শিকার সকলের পাশে দাড়াই, বাদ যাবে না কেউ)”**

উপরোক্ত প্রতিপাদ্যকে সামনে রেখে প্রতি বছরের ন্যায় এবারও বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতি বিশ্ব মানবপাচার প্রতিরোধ দিবস-২০২৩ উপলক্ষ্যে অদ্য ০১ আগস্ট ২০২৩ তারিখ হাই কোর্ট প্রাঙ্গণে এক মানব বন্ধন ও আলোচনা সভার আয়োজন করে। মানবপাচার থেকে উদ্ধার হওয়া ব্যক্তিদের পরিবার ও সমাজে টেকসই সংহতকরণ ও পাচার বিরোধী কর্মীদের মতামত গ্রহণ ও সে অনুযায়ী কর্মপন্থা প্রণয়নের উদ্দেশ্যে উক্ত সভা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতির সভাপতি এ্যাডভোকেট সালমা আলীর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ সুপ্রীম কোর্টের আইনজীবীগণ, বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতির সদস্য আইনজীবী ও কর্মকর্তাবন্দ। বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক এ্যাডভোকেট জোবায়দা পারভীন বলেন- সাম্প্রতিক সময়ে দেশে কিশোর-কিশোরীদের বিভিন্ন প্রকার সামাজিক যোগাযোগ মাধ্যম (টিকটক, ফেসবুক ইত্যাদি) ব্যবহার বেড়ে গেছে যা তাদেরকে মানব পাচারের দিকে ঠেলে দিচ্ছে। কাজেই অভিভাবকদের এ ব্যাপারে সচেতন থাকা প্রয়োজন। বজরা মানব পাচার প্রতিরোধ ও দমনে বাংলাদেশ সরকারের উদ্যোগের প্রশংসা করেন। বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতির সভাপতি এডভোকেট সালমা আলী তার বক্তব্যে বলেন- পুনঃসংহতকরণকৃত ভুক্তোভাগীদের স্বাভাবিকভাবে গ্রহণের জন্য পরিবার ও সমাজকে প্রস্তুত করার জোড়ালো পদক্ষেপ এখনই জরুরী। তিনি আরো বলেন ভুক্তোভাগীদের উদ্ধার থেকে পুনর্বাসন পর্যন্ত ভুক্তোভাগী কেন্দ্রিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং এ সংক্রান্ত নিয়মিত মনিটরিং ও ফলো-আপ নিশ্চিত করতে হবে।